

2023-12

# IUB Theatre stages classic folk play 'Dewana Madina'

Prothom Alo

---

---

<https://ar.iub.edu.bd/handle/11348/1110>

*Downloaded from IUB Academic Repository*



## আইইউবিতে মঞ্চস্থ হলো 'দেওয়ানা মদিনা'

✍️ নিউজ ডেস্ক

🕒 প্রকাশ: ২৯ নভেম্বর, ২০২৩ ১৪:০২



Share 0



ঢাকা: নতুন প্রজন্মের কাছে বাংলার লোক ঐতিহ্যকে ভুলে ধরার লক্ষ্যে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশে (আইইউবি) মঞ্চস্থ হয়েছে মনসুর বয়াতি রচিত পালা নাটক 'দেওয়ানা মদিনা'।

নির্দেশনায় ছিলেন মো. শামীম সাগর এবং সহ-নির্দেশনায় মো. সাইফুল ইসলাম।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকীর পরিকল্পনায় ৬৪টি জেলা ও ১৪টি বিশ্ববিদ্যালয়ে এ কর্মসূচির পরিচালিত হচ্ছে।

দেওয়ানা মদিনা এ কর্মসূচির তৃতীয় এবং আইইউবি থিয়েটারের ২১তম প্রযোজনা।

দর্শক সারিতে উপস্থিত থেকে নাটকটি উপভোগ করেন আইইউবির উপাচার্য তানভীর হাসান, বাংলাদেশ শিল্পকলা একাডেমির নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের উপ-পরিচালক আলী আহমেদ মুকুল, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরমেন্স বিভাগের সহযোগী অধ্যাপক আল জাবির, আইইউবি থিয়েটারের সমন্বয়ক মমতাজ পারভীন এবং আইইউবির শিক্ষার্থীরা।

মনসুর বয়াতি রচিত দেওয়ানা মদিনা পালাটি মৈমনসিংহ-গীতিকার

সংগ্রহের অন্যতম শ্রেষ্ঠ গীতিকা হিসেবে সমাদৃত। বানিয়াচঙ্গের দেওয়ান সোনাফরের পুত্র আলাল ও দুলালের বিচিত্র জীবনী কাহিনী এবং দুলাল ও গৃহস্থ মদিনার প্রেমকাহিনী এ পালার বিষয়বস্তু।

নাটকটিতে অভিনয় করেন আইইউবির নাট্যকর্মী শিক্ষার্থী আনিকা বুশরা শশী, মো. বাসিতুল্লাহ খান, মো. তৌহিদুল ইসলাম অংকুর, সানজিদা আক্তার মীম, আশরাফুল করিম চৌধুরী, আব্দুল্লাহ আল মাহিন সিয়াম, মুবাল্লিক হোক মুখা (আবিদ), সৌহার্দ্য পাল, সামিয়া রেজা মাইশা, আনিকা ফাইরোজ, মো. সৌমিক উদ্দিন মাহি, মোছা. সাদিয়া আফরিন অর্না, মুবাশশির আল জামী সিয়াম।

সংগীত সহযোগিতায় ছিল ভিনস ব্যান্ড, জাহিদ হাসান, স্নাঘা অধিকারী, শরীফ মোহাম্মদ শাহজালাল পরান, এসএম শাকিল আমিন এবং আইইউবি মিউজিক ক্লাব।

বাংলাদেশ সময়: ২০০২ ঘণ্টা, নভেম্বর ২৯, ২০২৩

এএটি

 banglanews24 Google News channel [বাংলানিউজটোয়েন্টিফোর](#) খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন.

শেয়ার করুন : [f](#) [WhatsApp](#) [X](#) [in](#) [Print](#)

সম্পর্কিত খবর

Loading...

Loading...

Loading...

Loading...